

# দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াহিদুল হোসেন মাসিক মিয়া

## পাবনা প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা



০৬ নভেম্বর, ২০১৮ ইং ০০:০০ মিঃ

### পাবনা প্রতিনিধি

আন্দোলনরত শিক্ষার্থীদের হাতে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. রোস্তুম আলী ফরাজি লাঞ্ছিতের ঘটনায় ১০ ছাত্রকে বহিষ্কারের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ ঘটনার পর গোটা ক্যাম্পাসে চরম উত্তেজনা ছড়িয়ে পড়লে সোমবার রাতে বিশ্ববিদ্যালয়ের রিজেন্ট বোর্ডের এক জরুরি সভায় পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়। আজ মঙ্গলবার সকাল ১১টার মধ্যে সকল ছাত্র-ছাত্রীকে হল ত্যাগের নির্দেশ দেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ বিভাগের সহকারী পরিচালক ফারুক হোসেন চৌধুরী এ ঘটনার সত্যতা স্বীকার করেছেন।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত